তারিখ ২৩/৪/৭৪ ... ...
পৃষ্ঠা...৮......কলাম...৬ ...

দৈনিক বাংলা

195

## বিদ্যালয় ভবন নির্মাণের আবেদন

বিগত ২৪শে এপ্রিল ময়মনসিংহ জেলার জামালপুর মহকুমার উপর দিয়ে যে প্রবল ঘূর্ণিঝড় প্রবাহিত হয় তাতে বিভিন্ন এলাকার ঘরবাড়ি ও ফসলের প্রচুর ক্ষতি হয়। এই ঝড়ের কবলে পড়ে নকলা থানার বাউশা দিশারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টিও দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। সম্পূর্ণ বিদ্যালয় ভবনটি ঝড়ে উড়ে যায়। ঝড়ের পর সামান্য কিছু টিন ও ভাংগা কয়েক টুকরা কাঠ ছড়া আর কিছুই পাওয়া যায়নি। ঝড়ের ফলে বিদ্যালয়টির লক্ষাধিক টাকার সম্পদ ক্ষতিগ্রস্ত হয়েছে। বিদ্যালয় ভবনটি পুনর্নির্মাণের জন্যে বিভিন্ন কর্তৃপক্ষের কাছে বহু আবেদন-নিবেদন করেও আজ পর্যন্ত কোন সাড়া পাওয়া যায়নি। এদিকে বিদ্যালয়টি ক্ষতিগ্রস্ত হওয়াতে এলাকার গরীব ও মধ্যবিত্ত কৃষক পরিবারের ছেলেমেয়েদের পড়াশুনার দারুণ ক্ষতি হচ্ছে। অবিলম্বে বিদ্যালয়টি পুনর্নির্মাণের ব্যবস্থা না করলে এইসব ছাত্রছাত্রীদের জন্যে লেখাপড়া চিরদিনের জন্যে বন্ধ হয়ে যেতে পারে।

তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিদ্যালয় ভবনটি নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা ...শ গ্রহণ করবেন এটাই কামনা।

মোঃ আবুল কাশেম এডভোকেট
...সভাপতি, দিশারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
বানেশ্বদী, ময়মনসিংহ।